সংবাদ প্রতিদিন, শুক্রবার ২০ ডিসেম্বর ২০২৪



সেন্ট জেভিয়ার্স ইউনিভার্সিটির উপাচার্য ফাদার ফেলিক্স রাজকে মিষ্টিমুখ করাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রয়েছেন মন্ত্রী ও কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। বৃহস্পতিবার। —পিন্টু প্রধান।

# শর্ট স্ট্রিট ‘সেন্ট ফ্রান্সিস জেভিয়ার সরণি’, নতুন নাম দিলেন মুখ্যমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** সেন্ট ডেভিয়ার্স কলেজ লাগোয়া শর্ট স্ট্রিটের নাম বদলে গেল। নতুন নাম হল ‘সেন্ট ফ্রান্সিস জেভিয়ার সরণি’। বৃহস্পতিবার সেন্ট জেভিয়ার্সের এক অনুষ্ঠানে গিয়ে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জানিয়ে দিলেন, সেন্ট ফ্রান্সিস জেভিয়ারকে শ্রদ্ধা জানিয়েই রাস্তার নামবদলের এই সিদ্ধান্ত। আজ, শুক্রবার থেকেই যাতে নতুন নামের বোর্ড রাস্তায় দেওয়া হয়, মঞ্চে উপস্থিত কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিমকে সেই নির্দেশও দিলেন। বড়দিনের আগে মুখ্যমন্ত্রীর ঘোষণায় যারপরনাই খুশি সেন্ট জেভিয়ার্স কর্তৃপক্ষ। সেন্ট জেভিয়ার্স ইউনিভার্সিটির উপাচার্য ফাদার ফেলিক্স রাজ জানিয়েছেন, ‘‘আমরা অনেকদিন আগে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানিয়েছিলাম। মঞ্জুর হওয়ায় সবাই খুব খুশি।’’

মুখ্যমন্ত্রী এদিন অ্যালেন পার্ক থেকে সেন্ট জেভিয়ার্স কলেজে যান। পড়ুয়াদের পরিবেশন করা ক্রিসমাস ক্যারলের প্রশংসা করেন। বলেন, ‘‘আমি প্রতি বছর আসি সেন্ট জেভিয়ার্স কলেজে। আমি খুব ভালোবাসি এই কলেজকে। এটাকে আমি আমার দ্বিতীয় বাড়ি বলে মনে করি।’’ ফেলিক্স রাজ এদিন রাজারহাটের ক্যাম্পাসের জন্য আরও কিছু জমি বরাদ্দ করার অনুরোধ জানান মুখ্যমন্ত্রীকে। বলেন, ‘‘মুখ্যমন্ত্রী আমাদের কাছে সান্তা ক্লজ। মুখ্যমন্ত্রীর দেওয়া জমিতে বিশ্ববিদ্যালয় হয়েছে। কিন্তু বিল্ডিং করতেই সব জমি শেষ হয়ে গিয়েছে।

২০৫০ সালের ভিশন নিয়ে যে পরিকল্পনা করা হয়েছে তাতে আরও কিছু জমির প্রয়োজন।’’ ফাদারের অনুরোধ এদিন বিবেচনা করার আশ্বাস দেন মুখ্যমন্ত্রী। তিনি জানান, ‘‘আপনারা তো সবে জমির কথা বললেন। কতটা জমি কোথায় কি আছে, আমাকে দেখতে হবে। তারপরই এ বিষয়ে কিছু বলতে পারব।’’